দামুড়হুদায় চায়না দুয়ারি জাল ধ্বংস ও সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় পৃথক দুটি ইউনিয়নে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল সোমবার দুপুর ১টার দিকে এসব অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

অভিযান সূত্রে জানা গেছে, সোমবার বেলা ১টার সময় উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর গলাইদড়ি সেতুর পার্শ্ববর্তী এলাকায় একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে নদীতে অবৈধভাবে স্থাপিত দুটি পাটা বাঁধ অপসারণ করা হয়। এ সময় প্রায় ১ হাজার মিটার নিষিদ্ধ চায়না দুয়ারি জাল জব্দ করে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। অভিযানে উপজেলা মৎস্য কর্মকর্তা সার্বিক সহায়তা প্রদান করেন।

পরবর্তীতে জুড়ানপুর ইউনিয়নে পৃথক আরেকটি মোবাইল কোর্ট অভিযান পরিচালনাকালে অনিয়মের দায়ে এক জন সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন উপজেলার হাউলী গ্রামের সুরত আলীর ছেলে আজিজুর রহমান। এ অভিযানে অতিরিক্ত উপজেলা কৃষি কর্মকর্তা সহায়তা করেন।

উভয় অভিযানই পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

উপজেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, নদীর স্বাভাবিক প্রবাহ রক্ষা, অবৈধ মাছ শিকার প্রতিরোধ এবং কৃষি খাতে শৃঙ্খলা বজায় রাখতে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।